# তড়িৎ রসায়ন

## লেকচার

## HSC Hybrid Course

### Zahid Sir

# তড়িৎ রসায়ন

ফ্যারাডের সূত্র

* $W = ZIt$

  $W = ZQ$ $[Q = It]$

* তড়িৎ কোষ: EMF নির্ণয়

  ↳ নার্নস্ট সমীকরণ

* কোন ধাতু কোথায় যাবে? কোন ধাতু কোথায় যাবে না.

# তড়িৎ রসায়ন

## তড়িৎ পরিবাহী

(i) সুপরিবাহী–
(ii) অর্ধপরিবাহী–
(iii) কুপরিবাহী

## তড়িৎ বিশ্লেষণ

$w = ZQ$
$= ZIt$ [$Q = It$

ইলেক্ট্রোপ্লেটিং

## তড়িৎ রাসায়নিক কোষ

গ্যালভানিক কোষ

$$EMF = E_{A(ox)} + E_{C(red)}$$

**তড়িৎ বিশ্লেষণ:** বিগলিত বা দ্রবীভূত তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে যদি তড়িৎ প্রবাহিত করা হয়, তখন যে রাসায়নিক পরিবর্তন হয় তাকে তড়িৎ বিশ্লেষণ বলে।

* Anode জারণ
* Cathode বিজারণ

* $W = ZIt$

**ফ্যারাডের ১ম সূত্র:** কোন তড়িৎ বিশ্লেষ্য দ্রবণে বিদ্যুৎ প্রবাহিত করলে তড়িৎদ্বারে সঞ্চিত পদার্থের পরিমাণ প্রবাহিত চার্জের সমানুপাতিক।

মনে করি,

Q পরিমাণ চার্জ প্রবাহিত করা হলে ক্যাথোডে Wg পদার্থ জমা হয়।

$W \propto Q$

বা, $W = ZQ$ [Z = সমানুপাতিক ধ্রুবক/তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক]

বা, $W = ZIt$

চার্জ = I × t

$\boxed{\therefore W = ZIt}$ $\left( Z = \frac{M}{n \times 96500C} \right)$ $\left[ Z = \frac{\text{পারমাণবিক ভর}}{\text{যোজনী} \times 96500C} \right]$

তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্কের একক $= Z = \frac{W}{It} = \frac{W}{Q} = \frac{g}{c} = \boxed{gC^{-1}}$

**তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক:** তড়িৎ বিশ্লেষণের সময় তড়িৎ বিশ্লেষ্য পদার্থে 1C বিদ্যুৎ প্রবাহিত হলে, যত গ্রাম তড়িৎদ্বারে সঞ্চিত হয় বা দ্রবীভূত হয়, তাকে ঐ পদার্থের তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক বলে।

Ag এর $0.001118\ gC^{-1}$ [V.V.I]

H এর $0.000010447\ gC^{-1}$

◆**$0.001118\ gC^{-1}$ Ag এর তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক বলতে কি বুঝ?** (100%)

কোন একটি তড়িৎ বিশ্লেষ্য দ্রবণে 1C বিদ্যুৎ প্রবাহিত করলে ঐ তড়িৎ বিশ্লেষ্য দ্রবণের ক্যাথোড তড়িৎদ্বারে 0.001118g Ag জমা হবে।

* $t$ s সময়ে $Q$ চার্জ প্রবাহিত হয়

∴ 1 s " $\frac{Q}{t}$ " " "

$$\therefore I = \frac{Q}{t}$$

| ∴ $Q = It$ | $I$ = তড়িৎ প্রবাহ | একক অ্যাম্পিয়ার |
|---|---|---|

* তড়িৎ রাসায়নিক কোষ ও গ্যালভানিক কোষের পার্থক্য:

| তড়িৎ বিশ্লেষ্য কোষ | গ্যালভানিক কোষ |
|---|---|
| ১. যে কোষে বিদ্যুৎ প্রবাহের ফলে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয় তাকে তড়িৎ বিশ্লেষ্য কোষ বলা হয়। | ১. যে কোষে রাসায়নিক বিক্রিয়ার ফলে বিদ্যুৎ প্রবাহের সৃষ্টি হয়, তাকে গ্যালভানিক কোষ বলে। |
| ২. শক্তিগ্রাহী কোষ | ২. শক্তিউৎপাদী কোষ |
| ৩. বাহ্যিক বর্তনীতে কোন তড়িৎ চালক বলের উৎস থাকতে হয় | ৩. বাহ্যিক বর্তনীতে কোন পরিবাহী তার হলেই চলে |
| ৪. এদের অ্যানোড ধনাত্মক, ক্যাথোড ঋণাত্মক | ৪. অ্যানোড ঋণাত্মক ও ক্যাথোড ধনাত্মক |
| ৫. এক প্রকোষ্ঠ বিশিষ্ট রাসায়নিক কোষ | ৫. সাধারণত দুই প্রকোষ্ঠ বিশিষ্ট |

ফ্যারাডের সূত্রের মৌলিক বিষয়ঃ  $1F = 96500C$

মূলত $1F$ চার্জ $= 1$ mol পরিমাণ চার্জ $= 96500C$

$6.02 \times 10^{23}$ টি $e^-$এর চার্জ $96500C$

$\therefore$ 1 টি $e^-$এর চার্জ $\frac{96500}{6.02 \times 10^{23}} C = 1.6 \times 10^{-19} C$

**Basic:**

(1) $Na^+ + e^- \rightarrow Na$
$1F \rightarrow 23g$ Na জমা হবে
$96500C \rightarrow 23g$ Na

(2) $Ca^{2+} + 2e^- \rightarrow Ca$
$2F$ 1 mol Ca জমা হবে $= 40g$
$(2 \times 96500)C \rightarrow 40g$ Ca

(3) $Al^{3+} + 3e^- \rightarrow Al$
$3F$ 27g Al জমা হবে $= 1mol\ Al = 27g$
$3 \times 96500 = 27g$ Al

$Na^+ + 1\,mol\,e = 1\,mol\,Na = 23g\,Na$
$1F/96500C$

$Mg^{2+} + 2\,mol\,e = 1\,mol\,Mg = 24g$
$2F$
$(2 \times 96500C)$

* $Al^{3+}$ থেকে $1F$ বিদ্যুৎ প্রবাহিত করলে কত গ্রাম Al জমা হবে?

$1\,mol\,Al = 27g$

$3F$ --- $1\,mol\,Al / 27g$

$\therefore 1F$ $\frac{27}{3} = 9g$

ZAHID'S CHEM CLINIC

◆NaCl এর দ্রবণে কত F বা কত C চার্জ প্রবাহিত করলে 3g Na ক্যাথোডে জমা হয়?

23g জমা হবে 1F বা 96500 C চার্জ প্রবাহিত করলে

1g জমা হবে $\frac{1}{23}$ F বা $\frac{96500}{23}$ $C$ চার্জ প্রবাহিত করলে

∴ 3g জমা হবে $\frac{3}{23}$ F বা $\left(\frac{96500\times3}{23}\right)$ $C$ চার্জ প্রবাহিত করলে

$= 0.13$ F বা 12586.96 C চার্জ প্রবাহিত করলে

Or, $W = ZQ \therefore = \frac{w}{z} = \frac{3g}{\frac{23}{1\times96500}} = 12586.96\ C$

◆ 500 C চার্জ প্রবাহিত করলে কত g Ag জমা হবে?

$\Rightarrow W = ZQ$

$= \left(\frac{108}{1\times96500}\times500\right)$ g

$= 0.5595$g

$z = \frac{\text{পা: ভর}}{\text{যোজনী} \times 96500}$

◆◆◆ $W = ZIt \quad = \frac{M}{n\times96500}\times It$

◆ $H_2SO_4$ এর লঘু দ্রবণে 0.5A তড়িৎ প্রবাহ 6 ঘন্টা ধরে প্রবাহিত করলে কত g পানি বিয়োজিত হবে?

$$H_2SO_4 + H_2O \longrightarrow H^+ + OH^-$$

$$2H^+ + 2e^- \longrightarrow H_2\uparrow$$

ক্যাথোডে $H_2$ গ্যাস জমা হয়;

$$W = ZIt = \frac{1.008}{1 \times 96500} \times 0.5 \times 6 \times 60 \times 60 = 0.1128124\ g$$

2g $H_2$ থেকে পানি উৎপন্ন হয় 18g

1g $H_2$ থেকে পানি উৎপন্ন হয় $\frac{18}{2}$ g

∴ 0.1128124 থেকে পানি উৎপন্ন হয় = 1.0153g

❒ $H_2SO_4$ এর লঘু জলীয় দ্রবণে Pt তারের মধ্য দিয়ে ১ঘন্টা বিদ্যুৎ প্রবাহিত করা হলে, STP তে 250 ml $H_2$ গ্যাস উৎপন্ন হয়। বিদ্যুতের মাত্রা কত ছিল?

এখানে, t = 1 hour = 60×60 sec = 3600 sec

M = 98

$H_2$ = 250 mL (STP তে)

$$= \frac{250}{224\times10^3} = 0.01116\ mol$$

$$\therefore H_2\ (0.01116 \times 2.016) = 0.0225g = w$$

STP 1mol = 22.4L
= 22400mL

$$Z = \frac{\text{পা: ভ}}{\text{যোজনী} \times 96500}$$

**We know,**

$$W = ZIt$$

$$\text{বা, } I = \frac{w \times n \times 96500}{Mt}$$

$$= \frac{0.0225 \times 1 \times 96500}{1.008 \times 3600}$$

$$= 0.5983A\ (Ans)$$

চা: বো: ২৩

প্রশ্ন: ০৯




$E^\circ_{Zn/Zn^{2+}} = 0.76V, E^\circ_{Al/Al^{3+}} = 1.66V$

ক) তড়িৎ রাসায়নিক সারি কি?

খ) মারকনিকভ এর নীতি ব্যাখ্যা করো।

গ) উদ্দীপকের দ্রবণ Al-ধাতুর পাত্রে সংরক্ষণ করা যাবে কি না? বিশ্লেষণ করো।

ঘ) উদ্দীপকের দ্রবণে মধ্যে 2.5amp বিদ্যুৎ 1 ঘন্টা যাবৎ চালনা করা হলো। তড়িৎ বিশ্লেষণের পর দ্রবণের ঘনমাত্রা কত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো।

০৯ নং প্রশ্নের উত্তর

(ঘ)

$ZnSO_4$ এর প্রাথমিক ঘনমাত্রা $= 0.5M$

$ZnSO_4$ এর মোল সংখ্যা $= (0.5 \times 250 \times 10^{-3})$ mol

$= 0.125$ mol

$\therefore Zn^{2+} = 0.125$ mol

জমার পরিমাণ. $w = ZIt$

$= \frac{65.4}{2 \times 96500} \times 2.5 \times 3600$

$= 3.05g = \frac{3.05}{65.4}$ mol $= 0.0466$ mol

∴ অবশিষ্ট Zn এর পরিমাণ = $(0.125 - 0.0466)$ mol

$= 0.07836$ mol

∴ ঘনমাত্রা = $\dfrac{0.07836}{250 \times 10^{-3}}$

$= 0.313M$

∴ $ZnSO_4$ ঘনমাত্রা = $0.313\underline{\underline{M}}$

## * কোষের EMF নির্ণয় :




অ্যানোডে জারণ

$Zn - 2e^- \longrightarrow Zn^{2+}$ (জারণ হার) (জারণ হার > বিজারণ হার)

ক্যাথোড:

$Cu^{2+} + 2e^- \longrightarrow Cu$ (বিজারণ হার) (বিজারণ হার > জারণ হার)

* কোষ বিক্রিয়া:

$$Zn / Zn^{2+} \, || \, Cu^{2+} / Cu$$

বা, $Zn / ZnSO_4 \, || \, CuSO_4 / Cu$

অ্যানোড: $Zn - 2e^- \longrightarrow Zn^{2+}$

ক্যাথোড: $Cu^{2+} + 2e^- \longrightarrow Cu$

কোষ বিভব:

$$E_{cell} = E_{A(\text{জারণ})} + E_{C(\text{বিজারণ})}$$

## ধাতুর সক্রিয়তার সিরিজ :

❒ যে ধাতু যত বেশি সক্রিয়, তার জারণ বিভব তত বেশি।

| সক্রিয়তার সিরিজ | জারণ বিভব | |
|---|---|---|
| $Li/Li^{+}$ | + 3.04V | লিলি |
| $K/K^{+}$ | + 2.92 | কে |
| $Ca/Ca^{2+}$ | + 2.87V | কে |
| $Na/Na^{+}$ | + 2.7V | না |
| $Mg/Mg^{2+}$ | + 2.36V | ম্যাকাইজার |
| $Al/Al^{3+}$ | + 1.66V | এল |
| $Zn/Zn^{2+}$ | + 0.76V | যেন |
| $Fe/Fe^{2+}$ | + 0.44V | ফিরে |
| $Ni/Ni^{2+}$ | + 0.25V | নিয়ে |
| $Sn/Sn^{2+}$ | + 0.14V | সোনা |
| $Pb/Pb^{2+}$ | + 0.13V | পাবে |
| $H/H^{+}$ | 0.0V | হায় |
| $Cu/Cu^{2+}$ | – 0.34V | কুলাঙ্গার |
| $Hg/Hg^{+}$ | – 0.79V | হাজী |
| $Ag/Ag^{+}$ | – 0.80V | আজি |
| $Pt/Pt^{3+}$ | –1.2V | পিটাবে |
| $Au/Au^{3+}$ | –1.42V | আমায় |

বিজারণ
$Li^{+}/Li$ (–3.04V)
$K^{+}/K$ (–2.92V)

**Type-01:**

যেখানে,

$E^\circ_{Zn/Zn^{2+}} = +0.76V$

$E^\circ_{Cu/Cu^{2+}} = -0.34V$

$E_{Cu^{2+}/Cu} = +0.34V$

$\therefore E^\circ_{cell} = E^\circ_{Zn/Zn^{2+}} + E^\circ_{Cu^{2+}/Cu}$

$= \{0.76 - (-0.34)\}v$

$= (0.76 + 0.34)v$

$\therefore E^\circ_{cell} = +1.10\ V$ (Ans)

Type-2

**Type: 02**

$A/A^{2+}||B^{2+}/B;$

$A/A^{2+} = -0.34V;$ $B/B^{2+} = 0.76V;$ / $B^{2+}/B = -0.76V$

**কোষ বিক্রিয়াটি কি স্বতঃস্ফূর্ত?**

**উত্তর:** $E^\circ_{cell} = E^\circ_{A/A^{2+}} + E^\circ_{B^{2+}/B};$

$= -0.34 + (-.76)$

$= -1.1V < 0\ V$

$E^\circ_{cell}$ এর মান ঋণাত্মক। কোষ বিক্রিয়াটি স্বতঃস্পূর্ণ না।

**Type:03**

(i) ও (ii) নং এর সমন্বয়ে কোষ গঠন করে EMF নির্ণয় কর।

উত্তর: $E^\circ_{cell} = E^\circ_{Zn/Zn^{2+}} + E^\circ_{Cu^{2+}/Cu}$

$= (0.76 + 0.34)V$

$E^\circ_{cell} = 1.1V$ (Ans)

"যার জারণ বিভবের মান বেশি, তাকে Anode এ রাখব।"

Zn ⇒ +0.76V ........... (i)

Cu ⇒ -0.34V ........... (ii) $Cu^{2+}/Cu$ +0.34

Ag ⇒ -0.80V ........... (iii)

Fe ⇒ +0.44V ........... (iv)

Al ⇒ +1.66V ........... (v)

$Al/Al^{3+} \,||\, Ag^{+}/Ag$

$E_{cell} = E_{Al/Al^{3+}} + E_{Ag^{+}/Ag}$

$= 1.66 + 0.80$

$= 2.46V$ (A)

* কোন পাত্রে রাখা যাবে না জানো!




* অপেক্ষাকৃত বেশি সক্রিয় ধাতুর পাত্রে অপেক্ষাকৃত কম সক্রিয় ধাতুর দ্রবণ রাখা যাবেনা!

যেমন Zn এর পাত্রে $CuSO_4$ রাখা যাবে না।

$$Zn + CuSO_4 \longrightarrow ZnSO_4 + Cu^{2+}$$

* অপেক্ষাকৃত কম সক্রিয় ধাতুর পাত্রে বেশি সক্রিয় ধাতুর দ্রবণ রাখা যাবে। $Cu + ZnSO_4 \longrightarrow$ No Reaction

* কোষ বিক্রিয়ার স্বতঃস্ফূর্ততা এবং সিদ্ধান্ত নেওয়া যায়ঃ

* প্রবাহকে Anode হতে
* চলাচলে হয়ে ক্যাথোড দিকে

সিদ্ধান্তঃ যদি EMF +ve হয় তখন পারবে না।
" EMF −ve " " পারবে।

◆ কপার ধাতুর পাত্রে $FeSO_4$ এর দ্রবণ রাখা যাবে কি?

$E°_{Cu/Cu^{2+}} = -0.34V$ $Cu/Cu^{2+}||Fe^{2+}/Fe$

$E°Fe/Fe^{2+} = 0.44V$

$E°cell = E_{Cu/Cu^{2+}} + E_{Fe^{2+}+Fe}$

$= \{0.34 + (-0.44)\}v$

$= -0.78v$

বিক্রিয়াটি স্বতঃস্ফূর্ত নয়, তাই রাখা যাবে।

❒ জিঙ্ক বা দস্তার পাত্রে $FeSO_4$ দ্রবণ রাখা যাবে কি?

$E°_{Zn/Zn^{2+}} = +0.76V;$ $E°_{Fe/Fe^{2+}} = +0.44V$

$E°_{cell} = E°_{Zn/Zn^{2+}} + E°_{Fe^{2+}/Fe}$

$= 0.76V + (-0.44)V$

$= 0.32V$

∴ বিক্রিয়াটি স্বতঃস্ফূর্ত; তাই রাখা যাবে না।

** যদি কোষের বিভবমান দেয়া থাকে তাহলে নার্নস্ট সমীকরণ ব্যবহার করতে হবে।

## নার্নস্ট সমীকরণ

$$E_{cell} = E^{\circ}_{cell} - \frac{RT}{nF} ln \frac{[\text{উৎপাদ}]^{x}}{[\text{বিক্রিয়ক}]^{y}}$$

$$E_{cell} = E^{\circ}_{cell} - \frac{0.0592}{n} \log \frac{[\text{উৎপাদ}]^{x}}{[\text{বিক্রিয়ক}]^{y}}$$

$R = 8.314\ J\ mol^{-1} K^{-1}$

$T =$ তাপমাত্রা

$25^{\circ}C$

$Zn - 2e^{-} \to Zn^{2+}$

$Cu^{+} + 1e \to Cu$

25°C তাপমাত্রায়,

$$Mg(s) | Mg^{2+} (0.001M) | Cu^{2+} (0.0001M) | Cu (s)$$

$$E_{Mg^{2+}|Mg} = -2.37V, E_{Cu^{2+}/Cu} = +0.34V$$

⟹ W.K,

$$E_{Cell} = E°_{Cell} - \frac{0.0592}{n} \log \frac{[A^+]^x}{[B^+]^y}$$

$$= (2.37 + 0.34) - \frac{0.0592}{2} \log \frac{0.001}{0.0001}$$

$$= +2.6804 \text{ V}$$

$Mg + Cu^{2+}$

❐ 25° তাপমাত্রায়, $Sn^{2+}$ এর ঘনমাত্রা 0.15M এবং $Al^{3+}$ এর ঘনমাত্রা 0.25M হলে, emf নির্ণয় কর।

$E°_{Al^{3+}/Al} = -1.66V$; $E°_{Sn^{2+}/Sn} = -0.14V$

$$E_{Cell} = E°_{Cell} - \frac{RT}{nF} ln \frac{[Al^{3+}]^2}{[Sn^{2+}]^3}$$

$$= 158 - \frac{8.314 \times 298}{6 \times 96500} ln \frac{[0.15]^2}{[0.25]^3}$$

$$\therefore E_{Cell} = +1.50V \text{ (Ans)}$$

$$\left( \begin{array}{l} 2Al - 6e^- \rightarrow 2Al^{3+} \\ 3Sn^{2+} - 6e^- \rightarrow 3Sn \end{array} \right)$$

CHEM CLINIC